গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম।
তারিখ : ১৯/০২/২০২৩ খ্রিঃ, সময়ঃ- সকাল ১০.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট "ক")

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, বাংলাদেশে সাধারণত নভেম্বর হতে এপ্রিল মাস পর্যন্ত শীতের আমেজ বিদ্যমান থাকে। বিশেষ করে ডিসেম্বর হতে ফেব্রুয়ারির মাঝামাঝি পর্যন্ত শীতের তীব্রতা বেশি থাকে। এ সময়ে কুড়িগ্রাম জেলাসহ উত্তরাঞ্চলে ঘনঘন শৈত্যপ্রবাহ দেখা দেয়। ইতঃমধ্যে শৈত্যপ্রবাহ শেষের পর্যায়ে তবে বাংলাদেশে সাধারণতঃ মার্চ-নভেম্বর মাসে দুর্যোগের ঘটনা বেশি ঘটার আশংকা থাকে। এ দুর্যোগের মধ্যে রয়েছে বন্যা, কালবৈশাখী ঝড়, টর্নেডো, বজ্রপাত, ঘূর্ণিঝড়, ফ্লাসফ্লাড, ভূমিধ্বস, ভবনধ্বস ইত্যাদি। এ সময় স্থানীয় নাগরিক সাধারণের জীবন-জীবিকা ও সম্পদের ক্ষয়-ক্ষতি হ্রাস করার লক্ষ্যে সরকার বহুমাত্রিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি আরো জানান যে, জনসচেতনতা বৃদ্ধি ও পূর্ব প্রস্তুতি গ্রহণ করলে যে কোন দুর্যোগ মোকাবেলা সহজতর হবে এবং জনগোষ্ঠির ক্ষয়ক্ষতি সীমিত রাখা যাবে। বজ্রপাতে ক্ষয়ক্ষতি কমানোর ব্যবস্থাসহ জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।

কুড়িগ্রাম জেলা ০৯টি উপজেলা, ৭৩টি ইউনিয়ন ও ০৩টি পৌরসভা নিয়ে গঠিত। এ জেলার নিম্নআয়ের মানুষের জীবন-জীবিকা স্বাভাবিক রাখার লক্ষ্যে সরকার তথা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাধ্যমে জেলা প্রশাসন সবসময় মানবিক সেবা প্রদান করে যাচ্ছে। বন্যা/দুর্যোগ প্রতিরোধ করা যায় না কিন্তু সুষ্ঠু পরিকল্পনা ও আন্তরিকতা দিয়ে সরকারের সব বিভাগের প্রচেষ্টায় বন্যার ক্ষতিকে সহনীয় পর্যায়ে রাখা যায়। জেলার সকল সরকারি ও বেসরকারি দপ্তরের মধ্যে সমন্বয় বজায় রেখে দুর্যোগ মোকাবিলায় সমন্বিত উদ্যোগ নেয়া সহজ হবে এবং দুর্যোগ প্রবণ এলাকায় জান-মালের ক্ষয়ক্ষতি অনেকাংশে কমিয়ে আনা সম্ভব হবে।

অতঃপর সভাপতি জেলা পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনার সাথে জড়িত বিভিন্ন দপ্তরের সংশ্লিষ্ট প্রধানের সঙ্গে আলোচনান্তে ও রংপুর বিভাগীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির নিয়মিত সভা আহ্বান করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), কুড়িগ্রাম।<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম। |
| ২. | FD-6 অনুযায়ী জেলার সকল এনজিওকে এলাকাভিত্তিক প্রান্তিক জনগোষ্ঠী ও গ্রামাঞ্চলের অসহায় মানুষকে চিহ্নিতকরে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে শীতবস্ত্রসহ অন্যান্য যে কোন সহায়তা প্রদান করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), কুড়িগ্রাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম। |
| ৩. | জেলা এবং উপজেলা পর্যায়ে সকল হাসপাতালে বরাদ্দ সাপেক্ষে অতিদ্রুত শীত নিরাময়ের জন্য নবজাতকদের জন্য স্ক্যানু (Scanu), ফ্লোরে বিছানার তোষকসহ প্রয়োজনীয় উপরকণ সরবরাহ করতে হবে। | ১। সিভিল সার্জন, কুড়িগ্রাম।<br>২। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুড়িগ্রাম।<br>৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), কুড়িগ্রাম।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), কুড়িগ্রাম।<br>৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম। |
| ৪. | নবজাতকদের শীতকালীন অসুস্থতা নিউমোনিয়ার মত চিকিৎসার জন্য জরুরি মেডিকেল টিম গঠন এবং নিয়োজিত করণে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | ১। সিভিল সার্জন, কুড়িগ্রাম।<br>২। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুড়িগ্রাম।<br>৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), কুড়িগ্রাম।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), কুড়িগ্রাম।<br>৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম। |
| ৫. | সড়ক দুর্ঘটনাকে এড়াতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে, জেলার প্রতিটি মোড়ে মোড়ে (টার্নিং পয়েন্ট) সতর্কতামূলক রোড সাইন দিতে হবে এবং জেলায় নিয়মিত জেলা আরটিসি (RTC) এর সভা করতে হবে। | ১। পুলিশ সুপার, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), কুড়িগ্রাম।<br>৩। সহকারী পরিচালক, বিআরটিএ, কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল (কুড়িগ্রাম)। |

চলমান/০২

(৩) দুর্যোগে পতিত লোকদের আশ্রয় প্রদানের জন্য এখনই আশ্রয়কেন্দ্রগুলো নির্দিষ্ট করে রাখতে হবে, যাতে প্রয়োজনের সময় লোকজনকে অতি দ্রুত আশ্রয়কেন্দ্রে নিয়ে আসা যায়। এছাড়াও, সাময়িক আশ্রয়স্থল হিসেবে ব্যবহৃত হতে পারে এমন স্থান যেমন, বাঁধসহ অন্যান্য উঁচু জায়গায় নিরাপত্তা, স্বাস্থ্য সেবা, স্যানিটেশন ও নিরাপদ পানির ব্যবস্থা ও তাবু সংরক্ষণের জন্য পূর্ব থেকেই প্রস্তুতি গ্রহণ করতে হবে।

(৪) স্থানীয় নাগরিক সাধারণ স্কাউটস ও স্বেচ্ছাসেবকদের নিয়ে গ্রাম/মহল্লা/পাড়াভিত্তিক দুর্যোগ স্বেচ্ছাসেবক দল গঠন করা যেতে পারে। স্থানীয় পর্যায়ে কর্মরত এনজিওদের সহায়তা নিয়ে দুর্যোগ স্বেচ্ছাসেবক দলকে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

(৫) দুর্যোগের সাথে সম্পৃক্ত সংশ্লিষ্ট বিভাগ ও এনজিওদের প্রস্তুত থাকতে হবে যাতে দুর্যোগ মোকাবেলায় কোন সমস্যার সম্মুখীন হতে না হয়।

(৬) জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ন্যায় দুর্যোগ ব্যবস্থাপনা বিধিমালা ২০১৫ এর ৩৫(৭) বিধি অনুযায়ী দুর্যোগ পূর্ব প্রস্তুতির জন্য মেয়র, পৌরসভা (সকল), চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার, (সকল) কুড়িগ্রামকে দুর্যোগ পরিকল্পনাসহ দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তালিকা হালনাগাদ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(৭) বজ্রপাতে সতর্কতার বিষয়ে প্রতিটি উপজেলায় লিফলেট বিতরণের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করতে হবে ও তথ্য অফিসের মাধ্যমে ব্যাপক প্রচার করতে হবে।

(৮) বন্যাকালে মানুষ ও প্রাণিসম্পদের ক্ষয়ক্ষতি যাতে কম হয় সে বিষয়ে সকলকে সতর্ক থাকাসহ দুর্যোগ আগাম বার্তা জানানোর বিষয়ে বহুল প্রচারণা করতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(২৩-০২-২০২৩ খ্রি.)
(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, কুড়িগ্রাম।
ফোন- ০২৫৮৯৯৫০০২২ (অঃ)
ই-মেইল dckurigram@mopa.gov.bd

স্মারক নং- ৫১.০১.৪৯০০.০০০.০৬.০০১১.১৯-১২০

তারিখঃ- ২৩/০২/২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৭। সিভিল সার্জন, কুড়িগ্রাম।
৮। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),................................... কুড়িগ্রাম।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল),....................................... কুড়িগ্রাম।
১১। সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (তাকে বর্ণিত কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১২। জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম।
১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)............................কুড়িগ্রাম।
১৪। .................................................................কুড়িগ্রাম।
১৫। অফিস নথি।

২৩.০২.২০২৩
(মোঃ আব্দুল হাই সরকার)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ও
সদস্য সচিব
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি কুড়িগ্রাম।
ফোন নং- ০২৫৮৯৯৫০১৫৩
ই-মেইল drro.kurigram@gmail.com